

এদের খেফতার করে সরকারের ভাবমূর্তি রক্ষা করুন- জঙ্গী গডফাদার নিজামী, মুজাহিদী ও সাঈদীরা বহাল তবীয়তে কেন?

ষ্টাফ রিপোর্টার (ইনকিলাব):

বাংলাদেশ ইসলামী ফ্রন্টের চেয়ারম্যান প্রিন্সিপাল হাফেয এম, এ জলিল গতকাল (১৭এপ্রিল) এক বিবৃতিতে বলেছেন- দুর্নীতি এবং জঙ্গী কানেকশনের সুনির্দিষ্ট অভিযোগ থাকা সত্ত্বেও নিজামী, মুজাহিদী ও সাঈদীকে খেফতার না করায় জনমনে সরকারের প্রশ্নে ভুল বুজাবুজির সৃষ্টি হচ্ছে। তিনি বলেন, গোপনে জিয়ানগর থানা তৈরীর নামে ৪শ কোটি টাকা হরিলুটের খবর জাতীয় পত্রিকায় প্রকাশের পরও সাঈদী কিভাবে বহাল তবীয়তে থাকছেন? এ প্রশ্ন জনগণের।

হাফেয জলিল বলেন- নিজামী সাহেব জঙ্গীদের পক্ষ অবলম্বন করে বলেছিলেন- জঙ্গীবাদ বা জেএমবি মিডিয়ার সৃষ্ট- বাস্তবে নেই। নিজামী একথা বলার কিছু দিন পরেই ১৭ আগষ্ট '০৫ সারা দেশে ৫শ বোমাবাজীর ঘটনা ঘটে। এরপরও রয়েছে মুজাহীদের বিরুদ্ধে এস্তার অভিযোগ। তার নামের আদ্যাক্ষর দিয়েই তৈরী হয়েছে জামাতে মোজাহেদীন দল। উত্তরবঙ্গের জামায়াত নেতারা হচ্ছেন জঙ্গীদের পৃষ্ঠ পোষক এবং ইসলামী ব্যাংকের মাধ্যমে জঙ্গীদের অর্থ যোগান দাতা। এ কারণে ইসলামী ব্যাংককে ১লাখ টাকা জরিমানাও দিতে হয়েছে।

এরপরও জঙ্গীবাদের প্রশ্নে জামায়াত নেতাদের সম্পর্কে সরকার নিরব ভূমিকা পালন করেই যাচ্ছেন। আন্লামা জলিল আরো বলেন- জোট সরকারের দুই শরিক দলীয় জোটের মধ্যে বিএনপি তখনই হয়ে যাচ্ছে- অথচ শরিকদল জামায়াতের মন্ত্রী নেতারা অক্ষত থেকে যাচ্ছে। এম,এ,জলিল বলেন- নিরবতার কারণে এবং জরুরী অবস্থা থাকায় কেউ মুখ খুলছেন। তিনি বলেন- জনগণের নিকট সরকারের ভাবমূর্তি অক্ষুণ্ন রাখার স্বার্থেই এদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া দরকার। (ইনকিলাব ১৭ এপ্রিল '০৭ পৃষ্ঠা ১২, ১১)